


# শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসন সম্পর্কিত কার্যক্রমের উল্লেখযোগ্য অগ্রগতি ২০১৭-২০১৮

## শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি প্রদান বিষয়ে জনগনের ধারণা: বেইজলাইন সমীক্ষা


শিশুদের শারীরিক, মানসিক ও যৌন নির্যাতনের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে ২০১৭ সালে ব্লাস্ট এবং সেভ দ্য চিলড্রেন একটি বেইজলাইন সমীক্ষা পরিচালনা করেন। এই সমীক্ষাটি নিম্নোক্ত জেলার ৪০২টি খানার মধ্যে পরিচালিত হয়।

- ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী মেট্রোপলিটন শহর
- রাজশাহীর গোদাগাড়ী উপজেলা
- চাঁপাই নবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলা
- মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলা


### উক্ত সমীক্ষায় দেখা যায়:




প্রায় ৭০% উত্তরদাতা (পিতা-মাতা ও যত্নপ্রদানকারীগণ) মনে করেন শিশুদের শাস্তি দেওয়া যুক্তিসংগত (তাদের মতে ভুল কাজ করার জন্য)।



৩৪% ছেলে শিশু ও ২১% মেয়ে শিশু মত দিয়েছেন যে, তাদের এলাকায় প্রতিদিনই শিশুর প্রতি শারীরিক নির্যাতন করা হয়।



৭২% শিশু লেখাপড়ায় খারাপ রেজাল্ট করার কারণে এবং ৬৫% শিশু তথাকথিত খারাপ আচরণের জন্য বাবা-মা এবং অভিভাবকের দ্বারা শারীরিক ও মানসিক শাস্তির শিকার হয় বলে মত দিয়েছেন।



গৃহের বাইরের তুলনায় গৃহে (গৃহে ৫৬% এবং গৃহের বাইরে ৪৯%) শিশুরা বাবা-মা এবং অভিভাবকের দ্বারা শারীরিক ও মানসিক শাস্তির শিকার বেশী হয় বলে মত দিয়েছেন।